

চিঠি

বানের জলে ভাসছে ঘর ভাসছে জলে তোমার লেখা
 ভুল বাক্যে ভুল বানানে তোমারই কিছু স্বপ্ন অঁকা
 শব্দগুলোই আমায় কাঁপায় পড়ছে শুধু দীর্ঘাস
 ভাবছি আমি, এই কি তুমি? সবই তোমার মিথ্যাস
 ঝিলের পাশে দিনের শেষে গোধূলি রোদ স্রিয়মান
 স্নেহের জলে ভাসছ তুমি দেখছি তোমার নীলাভ মান
 জলের বাঁকে শরীর অঁকে শরীর ডাকে ক্লান্তিহীন
 উর্মিদোলায় আদিম খেলায় দুলছে সময় অন্তহীন
 সকালবেলা সবুজ মেলায় বৃষ্টিভেজা তোমার মুখ
 তোমার লেখায় স্বপ্ন দেখায় দেখছি কিছু অলীক সুখ
 হলদে চোখে স্বপ্ন অঁকে বধির তুমি দৃষ্টিহীন
 আমার মাথায় ছন্দ কাঁপায় কিন্তু তুমি ছন্দহীন।

জয় রত ঘটক

